

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

নং ৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৯২৪

তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), শীর্ষক প্রকল্পের মৎস্য অধিদপ্তর অংশে নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

ক্র. নং	পদের নাম ও সংখ্যা	বেতন গ্রেড, স্কেল ও চাকুরীর মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব
১.	অফিস সহায়ক পদ সংখ্যা: ০১ (এক) টি	চুক্তিভিত্তিক কর্মচারী (Contractual staff) বেতন: সাকুল্যে আয়করসহ ২০,০০০/- (বিশ হাজার টাকা) মেয়াদ: ২৫ জন মাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পূর্বে ঘটে।	কমপক্ষে এসএসসি পাশ। উল্লেখিত পদে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে (৩১/০৭/২০১৯ খ্রি. তারিখে)	অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্রসমূহ পরিষ্কারকরণ, অফিস খোলা ও বন্ধকরণ, ফাইলপত্র আনা-নেওয়া ও গুছিয়ে রাখা, সভায় অ্যাটেন্ডেন্ট হিসাবে দায়িত্ব পালন করাসহ দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অর্পিত অন্যান্য দায়িত্ব পালনে সক্ষম হতে হবে।

শর্তাবলী:

- আবেদনকারীকে পদের নাম, নিজের নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, বর্তমান ও পত্র যোগাযোগের ঠিকানা (মোবাইল ও টেলিফোন নম্বরসহ), জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ, দুই জন বিশিষ্ট ব্যক্তির রেফারেন্স (টেলিফোন অথবা মোবাইল নম্বরসহ) উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদনপত্র ও প্রবেশপত্রের নমুনা মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.fisheries.gov.bd) এর হোম পেজে এনএটিপি-২ অংশে পাওয়া যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক পূরণকৃত ০২(দুই) কপি প্রবেশপত্র সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা (৫x৫) সে.মি. সাইজের ০১ (এক) কপি এবং ০২(দুই)টি প্রবেশপত্রে ০১(এক) কপি করে দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। সংশ্লিষ্ট আবশ্যিকীয় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীর বয়স ৩১ জুলাই ২০১৯ তারিখে ন্যূনতম ১৮ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- আবেদনপত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে কোনো প্রকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল-অর্ডার প্রদান করতে হবে না।
- আবেদনকারীকে পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০ বারবার আবেদন করতে হবে এবং উক্ত ঠিকানায় আগামী ১৮/০৮/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে।



(এস. এম. মনিরুজ্জামান)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

নং ৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৯২৪

তারিখ: ৩০/০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি চত্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
- প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ভোরের কাগজ, মালিবাগ, ঢাকা। উপরের বিজ্ঞপ্তি অংশটুকু আপনার পত্রিকায় স্বল্পপরিসরে একদিন প্রকাশ করে পত্রিকার ৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- Advertisement Manager, The Daily Independent। উপরের বিজ্ঞপ্তি অংশটুকু আপনার পত্রিকায় স্বল্পপরিসরে একদিন প্রকাশ করে পত্রিকার ৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- নোটিশ বোর্ড (সকল), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- সংশ্লিষ্ট নথি।


পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ই-মেইলঃ monidof@yahoo.com